রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৮, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহানগর দায়রা জজ এবং**
**মহানগর সিনিয়র স্পেশাল জজ,**
**চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

যেহেতু নিম্ন তপশিলে উল্লিখিত মামলার আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাকে না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৯৯৮ সালের ফৌজদারি কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামির বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামি গ্রেপ্তার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামিকে শীঘ্রই গ্রেপ্তার করিবার আশু কোন সম্ভাবনা নাই সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল "ল" এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপশিলে বর্ণিত আসামির নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহার অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হইবে।

**তপশিল**

| ক্রমিক নং | মামলা নং | আসামির নাম ও ঠিকানা | ধারা | পরবর্তী তারিখ |
|---|---|---|---|---|
| ১। | স্পেশাল মামলা নং ৩৩/২০২৫ খুলশী থানার মামলা নং-০২(১)২০১৩ জি,আর-০৫/২০১৩ | মোঃ হামিদুল হক মানিক, পিতা-মৃত আবু তালেব, মাতা-মাহমুদা বেগম, সাং-পালাকাটা, ঈমান উদ্দিন পাড়া, ৭নং ওয়ার্ড, (চকরিয়া পৌরসভা), পোঃ চিরিঙ্গা সিসি, থানা-চকরিয়া, জেলা-কক্সবাজার। | ধারাঃ মানিলন্ডরিং প্রতিরোধ আইন ২০১২ এর ৪(২) | ০৭-১০-২০২৫ খ্রিঃ |

**মোঃ হাসানুল ইসলাম**
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ,
চট্টগ্রাম।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০